সমকাল

তারিখ ... 27 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# ময়মনসিংহে বন্ধ স্কুল চালুর দাবিতে স্মারকলিপি

■ ময়মনসিংহ ব্যুরো

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বন্ধ ঘোষিত ময়মনসিংহের অন্বেষা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ অবিলম্বে চালুর দাবিতে শিক্ষার্থীদের অভিভাবকরা জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেছেন। বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসক মো. খলিলুর রহমানের স্মারকলিপি গ্রহণ করেন এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন বলে জানান।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়, অন্বেষা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ ময়মনসিংহ শহরের একমাত্র ইংলিশ মিডিয়াম শিক্ষাপ্রতিষ্ঠান হওয়ায় আড়াই শতাধিক ছাত্রছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চিয়তার মুখে পড়েছে। স্কুলটি ব্রিটিশ কাউন্সিলের অধীনে 'কেমব্রিজ ইউনিভার্সিটি'র কারিকুলাম অনুযায়ী পরিচালিত হওয়ায় স্কুলের ছাত্রছাত্রীরা প্রাথমিক ও জুনিয়র সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। তাই তাদের 'পিইসি' এবং 'জেএসসি' সনদ নেই। ফলে ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের বাংলা মিডিয়াম অথবা ইংলিশ ভার্সনের কোনো স্কুলে ভর্তির সুযোগও নেই।